UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

Ref: ***Date****: ২৭ অক্টোবর ২০২৬*

প্রেস বিজ্ঞপ্তি

নাইক্ষ্যংছড়ির জালিয়াপাড়ায় ৩৫ মারমা পরিবারকে উচ্ছেদের নিন্দা ও প্রতিবাদ

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার জালিয়া পাড়ায় রোহিঙ্গাদের সশস্ত্র সংগঠন আরএসও কর্তৃক ৩৫ মারমা পরিবারকে উচ্ছেদের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ মঙ্গলবার (২৭ অক্টোবর ২০২৬) সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে ইউপিডিএফের মুখপাত্র অংগ্য মারমা এ নিন্দা ও প্রতিবাদ জানান।

বিবৃতিতে তিনি ঘটনাটি নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, 'গত ২৫ অক্টোবর বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলার দোছড়ি ইউনিয়নের জালিয়াপাড়া নামক মারমা অধ্যুষিত গ্রামে মিয়ানমার থেকে বিতাড়িত রোহিঙ্গাদের সশস্ত্র সংগঠন আরএসও (জঝঙ) কর্তৃক ৩৫টি মারমা পরিবার উচ্ছেদের শিকার হয়েছে বলে অভিযোগ উঠেছে। উচ্ছেদের পর গ্রামবাসীদের গরু-ছাগলসহ বিভিন্ন সম্পদ লুটপাট ও পুরো গ্রামটি বেদখল করে নেওয়া হয়েছে।'

স্থানীয়দের বরাত দিয়ে তিনি বলেন, 'নিরাপত্তাহীনতার কারণে গ্রামটির কিছু বাসিন্দা সীমান্ত পেরিয়ে মিয়ানমারে পালিয়ে যেতে বাধ্য হয়েছেন। অন্যদিকে, কিছু পরিবার নিজেদের ঘরবাড়ি ছেড়ে নাইক্ষ্যংছড়ি সদরের মারমা গ্রামে আশ্রয় নিয়েছেন।'

বাংলাদেশ সরকার রোহিঙ্গা সশস্ত্র সংগঠনগুলোকে পৃষ্ঠপোষকতা দিয়ে পাহাড়িদের বিরুদ্ধে ব্যবহার করছে বলে অভিযোগ করে বিবৃতিতে অংগ্য মারমা বলেন, 'এর ফলে বর্তমানে নাইক্ষ্যংছড়ি এলাকায় পাহাড়িরা চরম নিরাপত্তাহীনতার মধ্যে বসবাস করতে বাধ্য হচ্ছেন।'

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে আরএসও কর্তৃক বেদখলকৃত গ্রামটি দখলমুক্ত করে উচ্ছেদের শিকার ৩৫ মারমা পরিবারকে ফিরিয়ে এনে জানমালের নিরাপত্তাসহ পুনর্বাসন এবং বিদেশী রোহিঙ্গা সশস্ত্র সংগঠনগুলোর বিরুদ্ধে আইনগত পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)